২০১৫

বাংলা — সাম্মানিক

ষষ্ঠ পত্র

পূর্ণমান - ১০০

প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়

(উত্তরের শব্দসংখ্যা পাঠ্যক্রম অনুসারে মান্য করতে হবে)

১। *(ক)* 'পুতুল নাচের ইতিকথা' অবলম্বনে শশী চরিত্রের বৈশিষ্ট্য আলোচনা করো। ১৪

অথবা

(খ) 'পুতুল নাচের ইতিকথা' উপন্যাসে মতি-কুমুদ উপকাহিনি সংযোজনের সার্থকতা বিচার করো। ১৪

২। *(ক)* 'অরণ্যের অধিকার' উপন্যাসটি প্রান্তিক মানুষের জাগরণের উপন্যাস হয়ে উঠেছে — মন্তব্যটির যাথার্থ্য বিচার করো। ১২

অথবা

(খ) 'অরণ্যের অধিকার' উপন্যাসে প্রতিফলিত বিদ্রোহের নেতৃত্ব বীরসা দিলেও ধানী মুণ্ডাই সে-বিদ্রোহের প্রকৃত ধারক-বাহক পালনকর্তা ও আশ্রয়দাতা। ধানী মুণ্ডার চরিত্র বিশ্লেষণের সূত্রে এ মন্তব্যের পক্ষে অথবা বিপক্ষে তোমার মতামত ব্যক্ত করো। ১২

৩। *(ক)* নারীর স্বাধিকার প্রতিষ্ঠা ও উচ্চকণ্ঠ প্রতিবাদ চেতনার অনবদ্য প্রকাশ রবীন্দ্রনাথের 'পয়লা নম্বর' নামক ছোটোগল্পটি। — এ প্রসঙ্গে তোমার অভিমত যুক্তিসহ ব্যাখ্যা করো। ১২

অথবা

(খ) রবীন্দ্রনাথের অতিপ্রাকৃত রসের গল্পগুলি শেষ বিচারে কার্যকারণ-সম্পর্কাবদ্ধ এক জাতীয় মনস্তাত্ত্বিক ক্রিয়া-প্রতিক্রিয়ার ফল হিসেবে পরিগণিত হয়। 'ক্ষুধিত পাষাণ' তার সার্থক উদাহরণ। — 'ক্ষুধিত পাষাণ' সম্পর্কে এমন মত কতদূর গ্রহণযোগ্য বলে তুমি মনে করো? ১২

৪। *(ক)* শ্বশুর-বউমার সম্পর্কের মধ্যে সাধারণভাবে যে পিতা-কন্যার মধুর-সনাতন সংস্কার বর্তমান থাকে তাকে ভেঙে তছনছ করে দিয়েছে এক ক্রূর-শয়তানী মস্তিষ্ক — 'পয়োমুখম্' গল্প অবলম্বনে এ সত্য প্রমাণ করো। ১৫

অথবা

(খ) ধনতন্ত্র ও সামন্তবাদের দ্বন্দ্ব আর অশুভ আঁতাতের জাঁতাকলে পড়ে কীভাবে সাধারণ মানুষের বেঁচে থাকার লড়াই পিষ্ট ও পরাজিত হয়েছে তা 'ফসিল' গল্প অবলম্বনে আলোচনা করো। ১৫

৫। *(ক)* 'আদাব' শব্দের অর্থ যদি অভিবাদন জানানো হয় তবে শব্দটি কীভাবে গল্প-বিষয়ের সঙ্গে সম্পর্কিত তা দেখিয়ে 'আদাব' গল্পটি শেষ পর্যন্ত কেমন করে মানবতার পক্ষে মানবতার প্রতি আদাব হয়ে উঠেছে তা ব্যাখ্যা করো। ১৫

[Turn Over]

অথবা

(খ) '..... এই দুই যুবক-যুবতী ভাঙাচোরা বাড়িটার তিনতলার একটা অন্ধকার ঘরে সারারাত্রি তন্দ্রাহীন নির্ঘুম চোখে নিঃশব্দে বসে থেকে সূর্যোদয়ের প্রতীক্ষা করতে লাগল।' — এই মন্তব্যের ভিত্তিতে 'এখন প্রেম' গল্পের অভিমুখটি স্পষ্ট করো। ১৫

৬। *(ক)* 'আকাশে মেঘ কমে নদীর জল বাড়ে। — নইলে কি জগৎ চলে ছোটো বাবু?' — বক্তা কে? মন্তব্যটির তাৎপর্য কী? ১+৩

অথবা

'এলে না কেন গো? ডুরে শাড়িটি পরে, চুলটি বেঁধে কনে বৌটি সেজে যে বসেছিলাম তোমার জন্যে?' — কে, কার প্রতীক্ষায় বসেছিল? মন্তব্যটির মধ্য দিয়ে বক্তার কোন্ মনোভাব ব্যঞ্জিত? ১+১+২

(খ) 'দিকুতে সাহেবে মিলে মোরে বার বার অশুচ করে।' — কার অশুচি হওয়ার কথা বলা হয়েছে? তার অশুচি হওয়ার কারণ কী? ১+৩

অথবা

'উলগুলানের শেষ নাই, ভগবানের মরণ নাই।' — মন্তব্যটির তাৎপর্য ব্যাখ্যা করো। ৪

(গ) 'আমার পরমায়ুর সমস্ত দিনরাত্রির মধ্যে সেই একটিমাত্র রাত্রিই আমার তুচ্ছ জীবনের একমাত্র চরম সার্থকতা।' — মন্তব্যটির তাৎপর্য বিশ্লেষণ করো। ৪

অথবা

'প্রকৃতি যেন তাহার ভাষার অভাব পূরণ করিয়া দেয়, যেন তাহার হইয়া কথা কয়।' — কার কথা বলা হয়েছে? উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো। ১+৩

৭। যে-কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ

(ক) 'তার চোখে কৌতুকের বিদ্যুৎ খেলে গেল।' — 'তার চোখ' বলতে কার চোখের কথা বলা হয়েছে? প্রসঙ্গ উল্লেখ করে মন্তব্যটির তাৎপর্য নির্ণয় করো। ১+১+৩

(খ) 'এমন সময় নবদ্বীপের স্নানঘাটে এক কৌতুকপ্রদ অভিনয় চলিতেছে।' — কোন্ গল্পের অংশ? গল্পকারের নাম কী? কৌতুকপ্রদ অভিনয়টির বর্ণনা দাও। ১+১+৩

(গ) 'মহা সংগীতের স্বাদ তাতে মিলবে না, তৃষ্ণা তাতে মেটাবার নয় — জানি।' — কোন্ গল্পকারের, কোন্ গল্পের অংশ? মন্তব্যটির নিহিতার্থ ব্যাখ্যা করো। ১+১+৩

(ঘ) 'হায় কমান্ড ছুড়ো দিয়েছে বুঝি!' — কোন্ গল্পের অংশ? গল্পকার কে? উক্তিটির তাৎপর্য ব্যাখ্যা করো। ১+১+

৮। যে-কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ

(ক) 'পেয়ারার ডাল দিয়ে গুলতি করবার সময় মনে হল এটা ঠিক ক্রিশ্চানসম্মত কাজ নয়।' — কোন্ গল্পের অংশ? গল্পকার কে? উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো। ১+১+৩

(খ) 'আশেপাশের লোক চমকে বিরক্ত চোখে তাকাল।' — লোক কেন বিরক্ত চোখে তাকাল তা যুক্তিসহ লেখো। ৫

(গ) 'পৃথিবীর পুঞ্জীভূত ক্ষোভ শুধু আমার উপর — কী করে বিশ্বাস করাই তাদের?' — বক্তা কে? 'তাদের' বলতে কাদের বোঝানো হয়েছে? পুঞ্জীভূত ক্ষোভের স্বরূপ উদ্ঘাটন করো। ১+২+২

(ঘ) 'এভাবে কারো ধর্ম নষ্ট করা অধর্ম ছাড়া আর কী?' — কোন্ গল্পের অংশ? গল্পকারের নাম কী? মন্তব্যটির তাৎপর্য ব্যাখ্যা করো। ১+১+৩

২০১৫

বাংলা — সাম্মানিক

সপ্তম পত্র

পূর্ণমান – ১০০

প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়

(উত্তরের শব্দসংখ্যা পাঠ্যক্রম অনুসারে মান্য করতে হবে)

১। *(ক)* প্রবন্ধ বলতে কী বোঝো? প্রবন্ধের শ্রেণিবিভাগ করো। এর লক্ষণগুলি উল্লেখ করো। উপযুক্ত উদাহরণসহ ব্যক্তিনিষ্ঠ প্রবন্ধ সম্পর্কে লেখো। ৩ + ২ + ৪ + ৯

অথবা

(খ) যে-কোনো *দু'টি* বিষয়ে আলোচনা করোঃ ৯ + ৯

(অ) ডায়ারি

(আ) তুলনামূলক সমালোচনা পদ্ধতি

(ই) ভ্রমণ সাহিত্য

(ঈ) রম্য রচনা।

২। *(ক)* 'কমলাকান্তের দপ্তর'-এর পাঠ্য প্রবন্ধগুলি অবলম্বনে লেখকের হাস্যরস সৃষ্টির নৈপুণ্য বিচার করো। ১২

অথবা

(খ) বঙ্কিমচন্দ্রের 'আমার মন' প্রবন্ধটির আপাত লঘু ভাবটি জীবনের সত্যানুসন্ধানের একটি প্রধান উপায়।—রচনাটি অবলম্বনে অভিমতটি আলোচনা করো। ১২

৩। *(ক)* 'প্রীতি সংসারে সর্ব্বব্যাপিনী'—কোন্ রচনার অংশ? প্রসঙ্গ উল্লেখ করে ব্যাখ্যা করো। ১ + ৩

অথবা

(খ) 'মনুষ্য মাত্রেই পতঙ্গ'।—কোন্ রচনার অংশ? এ কথা বলার কারণ বিশ্লেষণ করো। ১ + ৩

৪। *(ক)* 'ছিন্নপত্র' গ্রন্থে পদ্মাতীরের মানবজীবন কেমনভাবে ধরা পড়েছে তা পাঠ্য প্রবন্ধ অবলম্বনে লেখো। ১২

অথবা

(খ) রবীন্দ্রনাথের 'ছিন্নপত্র'-এর চিঠিগুলির সঙ্গে তাঁর লেখা সমকালীন কবিতার যোগসূত্র আলোচনা করো। ১২

৫। *(ক)* ''সেই মরুভূমির মধ্যে নিস্তব্ধ রাত্রে অনেকগুলো আর্তস্বর উঠতে লাগল।''—'মরুভূমি' বলতে কোন্ স্থানের কথা বলা হয়েছে? 'আর্তস্বর' ওঠার ঘটনাটি ব্যাখ্যা করো। ১ + ৩

অথবা

(খ) ''আমাদের দু'জনকার মধ্যে একটা খুব গভীর এবং সুদূরব্যাপী চেনাশোনা আছে''—'দু'জন' কে কে? 'সুদূরব্যাপী চেনাশোনা'-র কোন্ রূপ লেখক বর্ণনা করেছেন? ২ + ২

৬। *(ক)* ''স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয় সর্বস্তরেই শিক্ষার বাহন হিসাবে মাতৃভাষা ব্যবহারের সময় এসে গেছে।''—কোন্ প্রসঙ্গে লেখক এই কথা বলেছেন? বিদেশি ভাষায় শিক্ষাগ্রহণ করার কোন্ অসুবিধার কথা লেখক এখানে উল্লেখ করেছেন? মাতৃভাষা ব্যবহার প্রসঙ্গে লেখক জাপানের যে অভিজ্ঞতার কথা বলেছেন তা সংক্ষেপে লেখো। ৩ + ৪ + ৮

অথবা

(খ) ''রাজনীতির সঙ্গে সাহিত্যের কোনো মূলগত বিরোধ নেই।'' — উদ্ধৃতিটি আলোচনা করো। ১৫

৭। *(ক)* 'শিল্প-সাহিত্যের গতির মোড় ঘোরে যুগের পরিবর্তনের সঙ্গে সঙ্গে।''—'তিন দশকের নাট্যসমীক্ষা'—অবলম্বনে চল্লিশের দশকের নাটকের মোড় কীভাবে ঘুরেছে—আলোচনা করো। পরবর্তী দুই দশকের প্রগতিশীল বাংলা নাটক সম্পর্কে লেখকের অভিমত কী? ৭ + ৮

অথবা

(খ) রূপকথা ও উপকথার পার্থক্য নিরূপণ করো।—আজও রূপকথার প্রাসঙ্গিকতা আছে, এ প্রসঙ্গে সমালোচকের বক্তব্য 'রূপকথা' প্রবন্ধ অবলম্বনে নিজের ভাষায় ব্যক্ত করো। ৫ + ১০

৮। নিম্নলিখিত যে-কোনো *একটি* বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা করো ঃ ২০

(ক) মঙ্গলকাব্যে প্রতিফলিত বাঙালি সমাজ

(খ) মধ্যযুগের বাংলা সাহিত্যে সাধারণ মানুষ

(গ) উনিশ শতকে বাংলায় মহাকাব্য চর্চার ধারা

(ঘ) স্বাধীনতা-পরবর্তী বাংলা ছোটগল্প

(ঙ) বাংলা সাহিত্যে মহিলা ঔপন্যাসিক

(চ) বাংলা পৌরাণিক নাটক

(ছ) বাংলা উপন্যাস সাহিত্যে বিভূতিভূষণ-তারাশংকর-মাণিক

(জ) বাংলা ভ্রমণসাহিত্য।

২০১৫

বাংলা — সাম্মানিক

অষ্টম পত্র

পূর্ণমান - ১০০

প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়

(উত্তরের শব্দসংখ্যা নতুন পাঠ্যক্রম অনুসারে মান্য করতে হবে।)

১। যে-কোনো *একটি* প্রশ্নের উত্তর দাও ঃ

(ক) কালিদাস রচিত যে-কোনো দুটি নাটক অবলম্বনে তাঁর নাট্যপ্রতিভার মূল্যায়ন করো। $৭\frac{১}{২}+৭\frac{১}{২}$

(খ) 'কাদম্বরী' কী ধরনের রচনা? একে অনুসরণ করে গদ্যকার হিসেবে বাণভট্টের বৈশিষ্ট্য আলোচনা করো। ২+১৩

(গ) জয়দেব-এর 'গীতগোবিন্দম্' বাংলা কাব্যের পূর্বসূরী। — যুক্তিসহ সিদ্ধান্তটি প্রতিপাদন করো। ১৫

২। যে-কোনো *দু'টি* বিষয়ে সংক্ষেপে আলোচনা করো ঃ ৫+৫

রঘুবংশম্, মৃচ্ছকটিকম্, উত্তর রামচরিত, মেঘদূতম্, হর্ষচরিত।

৩। যে-কোনো *একটি* প্রশ্নের উত্তর দাও ঃ

(ক) যে-কোনো দুটি উপন্যাস অনুসরণে চার্লস ডিকেন্সের রচনা-বৈশিষ্ট্যের আলোচনা করো। $৭\frac{১}{২}+৭\frac{১}{২}$

(খ) যে-কোনো তিনটি কমেডি অবলম্বনে কমেডি রচনায় শেক্সপীয়রের প্রতিভা বিশ্লেষণ করো। ৫+৫+৫

(গ) দুটি প্রখ্যাত নাটক আশ্রয় করে বার্ণার্ড শ'এর নাট্যপ্রতিভার পরিচয় দাও। $৭\frac{১}{২}+৭\frac{১}{২}$

৪। যে-কোনো *দু'টি* বিষয় সম্পর্কে আলোচনা করো ঃ ৫+৫

আইভ্যান হো, হ্যামলেট, অ্যাডোনেইস্, প্যারাডাইস লস্ট, লিরিক্যাল ব্যালাডস্।

৫। যে-কোনো *একটি* প্রশ্নের উত্তর দাও ঃ

(ক) ভারতেন্দু হরিশ্চন্দ্র-এর আলোচনা ব্যতিরেকে হিন্দী নাট্য-সাহিত্যের ইতিহাস অসম্পূর্ণ — বিশ্লেষণ করো। ১৪

(খ) ছোটগল্পকার প্রেমচন্দের রচনা-বৈশিষ্ট্যের পরিচয় দাও। ১৪

(গ) ছায়াবাদী কবি সূর্যকান্ত ত্রিপাঠী নিরালার রচনাগত বিশেষত্ব উদাহরণসহ আলোচনা করো। ১৪

৬। যে-কোনো *একটি* বিষয়ে সংক্ষেপে আলোচনা করো ঃ ৪

নির্মলা, পরতী পরিকথা, দীপশিখা।

৭। *(ক)* "কাব্যের আত্মা বাচ্য নয়, ব্যঞ্জনা ঃ কথা নয়, ধ্বনি, রসধ্বনি" — আলোচনা করো। ১৬

অথবা

(খ) সংক্ষিপ্ত আলোচনা করো (যে-কোনো *দুটি*) ঃ ৮+৮

(অ) বিভাব ও সঞ্চারীভাব

(আ) রীতিরাত্মা কাব্যস্য

(ই) নবরস।

৮। *(ক)* 'যেমনটি ঠিক তেমনই লিপিবদ্ধ করা সাহিত্য নহে' — মন্তব্যটি রবীন্দ্রনাথের 'সাহিত্যের বিচারক' প্রবন্ধ অনুকরণে বিশ্লেষণ করো। ১৬

অথবা

(খ) যে-কোনো *দুটি* উদ্ধৃতির সংক্ষিপ্ত আলোচনা করো ঃ ৮+৮

(অ) সাহিত্য ব্যক্তিবিশেষের নহে, তাহা রচয়িতার নহে, তাহা দৈববাণী।

(আ) রসের পথেই পথ ভুলাইবার অনেক উপসর্গ আছে।

(ই) মন প্রকৃতির আরশি নহে।